সোনালী ব্যাংক পিএলসি
নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ।

বিষয়ঃ অর্থঋণ আদালত আইন-২০০৩ (সংশোধনী-২০১০) এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ কর্তৃক ব্যাংকের অনুকূলে দখল ও ভোগের অধিকার প্রদত্ত সনদে উল্লেখিত বন্ধকীকৃত সম্পত্তি বিক্রির লক্ষ্যে:

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনালী ব্যাংক পিএলসি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ এর খেলাপী ঋণগ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স সালাসা টেক্সটাইল প্রসেসিং মিলস লিঃ এর পক্ষে ০১। লেঃ কর্নেল (অবঃ) মোঃ নুরুল হক, পিতা- মোহাম্মদ ইসরাইল, চেয়ারম্যান, মেসার্স সালাসা টেক্সটাইল প্রসেসিং মিলস লিঃ, পোস্ট অফিস রোড, ফতুল্লা, নারায়ণগঞ্জ ও সিইএন (ই), ৩য় তলা, রোড নং-১২০, গুলশান, ঢাকা-১২১২, ০২। জনাব মোঃ হাবিবুর রহমান (বাবুল), পিতা- আব্দুস সাত্তার বেপারী, ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স সালাসা টেক্সটাইল প্রসেসিং মিলস লিঃ, পোস্ট অফিস রোড, ফতুল্লা, নারায়ণগঞ্জ, ০৩। মিসেস সাজেদা চৌধুরী, স্বামী- সৈয়দ জামিল চৌধুরী, পরিচালক, মেসার্স সালাসা টেক্সটাইল প্রসেসিং মিলস লিঃ, পোস্ট অফিস রোড, ফতুল্লা, নারায়ণগঞ্জ ও লালপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ, ০৪। জনাব নজরুল ইসলাম, পিতা- আলহাজ আহাম্মদ আলী, পরিচালক, মেসার্স সালাসা টেক্সটাইল প্রসেসিং মিলস লিঃ, পোস্ট অফিস রোড, ফতুল্লা, নারায়ণগঞ্জ ও সস্তাপুর বাজার, পুরাতন কলেজ রোড, ফতুল্লা, নারায়ণগঞ্জ ০৫। মিসেস আলেয়া বেগম, স্বামী- ফরিদ আহমেদ, পরিচালক, মেসার্স সালাসা টেক্সটাইল প্রসেসিং মিলস লিঃ, পোস্ট অফিস রোড, ফতুল্লা, নারায়ণগঞ্জ এর নিকট আদালতের ডিক্রীমতে গত ২২/১১/২০০৯ তারিখ পর্যন্ত ৪,১৮,৮৫,৮৮৪.৫৭ (চার কোটি আঠারো লক্ষ পঁচাশি হাজার আটশত চুরাশি টাকা সাতান্ন পয়সা) টাকা মাত্র ও আদায়কালতক সুদ এবং মামলা ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্ত বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ কর্তৃক ৩৩(৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার সোনালী ব্যাংক পিএলসি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ এর অনুকূলে দখল ও ভোগের অধিকার প্রাপ্ত নিম্নোক্ত তফসিলভুক্ত স্থাবর সম্পত্তিসমূহ নিলামে বিক্রির জন্য নিম্ন বর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছেঃ

### শর্তাবলীঃ

০১। তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রির নিমিত্ত আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে তাদের প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, মোবাইল ফোন নম্বর এবং প্রদত্ত দর অংকে ও কথায় নিজ স্বাক্ষরকৃত ও সীলমোহরযুক্ত টেন্ডার আহবান করা যাচ্ছে। আগামী ১০/০৯/২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত সোনালী ব্যাংক পিএলসি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ-এ রক্ষিত বাক্সে নিলাম দরপত্র সরাসরি/রেজিস্ট্রী ডাকযোগে জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতা/তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০২। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত হলে তার ২০%, উদ্ধৃত দর ১০.০০ টাকার উর্ধ্বে কিন্তু ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত হলে ১৫% এবং উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার বেশী হলে ১০% এর সমপরিমাণ অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার সোনালী ব্যাংক পিএলসি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৩। নিলামে অংশগ্রহণকারী ক্রেতা/দরদাতা কর্তৃক উদ্ধৃত দরমূল্যের উপর ৫% হারে উৎস কর দরমূল্যের অতিরিক্ত হিসেবে প্রদান করতে হবে।

০৪। অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকার দর গৃহীত হবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে, ১০.০০ লক্ষ টাকার উর্ধ্বে কিন্তু ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকার বেশী উদ্ধৃত দর গৃহীত হবার ৯০ দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় আইনানুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করতে পারবেন।

০৫। উক্ত ৪ নং ক্রমিকের শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হলে উহার অর্থ দায়ীকের ঋণ হিসাবে জমা হবে।

০৬। দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত/ অপ্রতুল প্রতীয়মান হলে বা ত্রুটিপূর্ণ দরপত্র হলে কর্তৃপক্ষ তা বাতিল করতে পারবেন।

০৭। সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।

০৮। অফিস চলাকালীন সময়ে সম্পত্তি পরিদর্শন/তথ্য কেউ ইচ্ছা করলে নিম্ন-স্বাক্ষরকারীর নিকট উপস্থিত হয়ে দেখতে/জানতে পারবেন।

০৯। কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই কোন দরপত্র গ্রহণ কিংবা বর্জনের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১১। তফসিল বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারি, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, ডিপিডিসি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাবে না। প্রস্তাবিত মুল্যের উপর মূল্য সংযোজন কর দরদাতাকে/ক্রেতাকে বহন করতে হবে।

### বিক্রিতব্য সম্পত্তির তফসিল

জেলা-সাবেক ঢাকা হালে নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- ফতুল্লা, মৌজা- দাপা ইদ্রাকপুর, জেএল নং- ১৫৪

খতিয়ান নং- ৪৫১, দাগ নং- ৭৭৪, ৭৭৭ ও ৭৭৮, জমির রকম- প্রকল্প ভবন ও তদস্থিত দালান কোঠা ও মেশিনারীজসহ,

জমির পরিমাণ- ১৬$\frac{১}{২}$ শতাংশ।

(মোঃ মোবারক হোসেন)
ডেপুটি জেনারেল ম্যানেজার
মোবাইল- ০১৭২৩০৪৮৬৩৫৭.